আমার সন্তান কোন্ ধরনের শিক্ষা বঞ্চিত হতে পারে?

কোন কোন বাবামা ও ছাত্র/ছাত্রী মনে করে যে, স্কুল বন্ধ থাকায় অথবা পরিস্থিতিগত কারণে স্কুলে উপস্থিত হতে না পারায় তারা জরুরী পরীক্ষা বা কাজ থেকে বঞ্চিত হয়েছে। তবে খারাপ আবহাওয়ায় স্কুলে যাতায়াতের বিচার করার ক্ষেত্রে *শিশুর কল্যাণ ও নিরাপত্তার দিকটি অবশ্যই বিবেচনায় আনতে হবে।*

যে সময় চলে যাবে তা পুষিয়ে নেওয়ার এবং পরে পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা যাবে।

আরো তথ্য

স্কুল বন্ধ সম্পর্কিত তথ্যাদি জানার জন্য আপনার স্থানীয় রেডিও হলো একটি ভালো জায়গা। এর কারণ হলো নিম্নোক্ত রেডিও স্টেশনগুলো প্রতি ১৫ মিনিট অন্তর আমাদের ওয়েবসাইট থেকে হালনাগাত তথ্য পায়।

Northsound 1 FM 96.9 টেলি: 01224 337000	Northsound 2 MW 1035kHz
BBC Radio Scotland FM 92.5-94.7 MW 990kHz	Moray Firth Radio FM 97.4 MW 1107kHz
North East Community Radio FM 102.1 টেলি: 01467 632878	Waves Radio FM 101.2 টেলি: 01779 491012

এবার্ডীনশ্যায়ার কাউন্সিল ওয়েবসাইট
http://www.aberdeenshire.gov.uk/closures

স্কুল ইনফরমেশন লাইন
টেলি: 0870 054 4999 তারপর 02 + আপনার স্কুলের 4 ডিজিট পিন
(আপনি যদি প্রথমবারে সফল না হন, দয়া করে এই নম্বরটি রিডায়ালে রাখবেন না। এটি কেবল নম্বরটিকে আরো ব্যস্ত রাখার কারণ হবে)

পাবলিক ট্রান্সপোর্ট ইউনিট (কেবল সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) টেলি: 01224 665194

এডুকেশন অফিস (শুধু সকাল ৯টা হতে বিঃ ৫টা পর্যন্ত)

বানফ	টেলি: 01261 813340
টুরিফ	টেলি: 01888 562427
পিটারহেড	টেলি: 01779 473269
ইনভারুরি	টেলি: 01467 620981
স্টোনহেভেন	টেলি: 01569 766960

আপনি যদি উপরোক্ত তথ্যগুলো বড় ছাপার হরফে বা অন্য কোন ভাষায় অনুবাদকৃত অবস্থায় পেতে চান, তাহলে দয়া করে এবার্ডীনশ্যায়ার কাউন্সিল এডুকেশন এন্ড রিক্রিয়েশন সার্ভিস এ 01224 664630 নম্বরে যোগাযোগ করবেন।

সোহাইল ফারুকী
ডাইরেক্টর, এডুকেশন এন্ড রিক্রিয়েশন
এবার্ডীনশ্যায়ার কাউন্সিল

খারাপ আবহাওয়া বা অন্যান্য জরুরী অবস্থায় স্কুল বন্ধ রাখা প্রসঙ্গে বাবামা/অভিভাবকদের জন্য নির্দেশনা

Aberdeenshire COUNCIL
Education & Recreation

GUIDANCE FOR PARENTS/GUARDIANS ON SCHOOL CLOSURE DUE TO BAD WEATHER OR OTHER EMERGENCY

আমরা শিশুদের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে বাবামা/ অভিভাবকদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে চাই। এই গাইডলাইনগুলো খারাপ আবহাওয়া বা অন্য জরুরী অবস্থায় স্কুল বন্ধ রাখার প্রক্রিয়া তুলে ধরবে।

বাবামা'র ভূমিকা

আপনারা যা করবেন বলে আমরা আশা করি:

- পুরো শীতে বাইরে বের হওয়ার সময় আপনার সন্তান যাতে যথাযথ কাপড় পরে নেয় তা নিশ্চিত করবেন।
- খারাপ আবহাওয়ার সময়, স্কুল ট্রান্সপোর্টে বা পায়ে হেঁটে, আপনার সন্তানের স্কুলে যাওয়া নিরাপদ হবে কিনা সে বিষয়ে আপনি সিদ্ধান্ত নিবেন।
- জরুরী প্রয়োজনের সময় আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্বল্প সময়ের নোটিশে কার কাছে পাঠানো হবে, সে সম্পর্কে স্কুল'কে জরুরী যোগাযোগের বিবরণ দিবেন। এই ছাড়াও, এই তথ্যের পরিবর্তন হলে তা, এবং আপনার সাথে দিনের বেলায় যোগাযোগ করার বিস্তারিত বিবরণী হেডটিচারকে দিয়ে রাখবেন।
- খারাপ আবহাওয়ার সময় স্কুল থেকে নিরাপদে হেঁটে পৌঁছানো যায় এমন একটি ঠিকানা স্কুল'কে দিবেন।

এই ছাড়াও:

- স্কুলের ট্রান্সপোর্ট না চললে, দয়া করে আপনি নিজে আপনার সন্তান বা অন্য কারো সন্তানকে নিয়ে যাবেন না। আপনি যে শিশুকে স্কুলে নিয়ে যাবেন তাকে স্কুল থেকে ফিরিয়ে নেয়ার দায়িত্বও আপনার উপর বর্তাবে।
- খুব খারাপ আবহাওয়ায় ঘরে ফেরার সময়, স্কুল বাসের জন্য স্বাভাবিক পিক আপের সময় পার হয়ে গেলে অতিরিক্ত ১৫ মিনিটের বেশী অপেক্ষা করবেন না। গাড়ী যদি না আসে তাহলে আপনার সন্তানের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।
- আপনার সন্তান যদি স্কুল ট্রান্সপোর্ট ব্যবহার করে, তাহলে যেখান থেকে তাকে তোলা হবে এবং যেখানে তাকে নামিয়ে দেয়া হবে, সেখান থেকে আপনার তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে, সে স্কুল ট্রান্সপোর্ট বা পাবলিক সার্ভিস যানবাহন যাই ব্যবহার করুক না কেন।

স্কুলের যানবাহনের কন্ট্রাক্টরদেরকে বলা হয়েছে, আবহাওয়া যখন খুবই খারাপ থাকবে তখন তারা *কোন অবস্থাতেই যেন* ড্রপ-অফ পয়েন্ট থেকে শিশুদেরকে একাকী পায়ে হেঁটে বাড়ী যেতে না দেয়। আপনি যদি আপনার সন্তানের সাথে সাক্ষাত করতে বা সাক্ষাতের ব্যবস্থা করতে না পারেন, তাহলে স্কুলের যানবাহন তাদেরকে একটি নির্দিষ্ট স্থানে ফিরিয়ে নিবে।

বেসরকারী বা পাবলিক সার্ভিস যানবাহন - এই সব গাড়ীর ড্রাইভারগণ নির্দিষ্ট পথ অনুসরণ করেন এবং সময় বজায় রাখেন - তারা বিশেষ ব্যবস্থা নিতে পারবেন না।

স্কুল কখন বন্ধ হবে?

- খারাপ আবহাওয়া বা অন্য জরুরী অবস্থায় স্কুল বন্ধ থাকবে কি থাকবে না সে বিষয়ে হেডটিচার সিদ্ধান্ত নিবেন। খারাপ আবহাওয়ার ক্ষেত্রে তারা স্থানীয় আবহাওয়ার বিষয়ে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত নিবেন। এই সিদ্ধান্ত, দিনে বা রাতে, যে কোন সময় নেয়া যাবে।
- খারাপ আবহাওয়ার সময় কোন কোন স্টাফ স্কুলে নাও আসতে পারেন - কাজেই কম সংখ্যক শিক্ষক/শিক্ষিকার উপস্থিতির কারণেও স্কুল বন্ধ করে দিতে হতে পারে। কখনো কখনো স্কুলের কোন একটি অংশ বন্ধ ঘোষনা করা হতে পারে, আবার কোন কোন সময় কিছু সংখ্যক স্টুডেন্টকে হয়তো আগেভাগে ছেড়ে দেয়া হতে পারে।
- আপনার যদি স্থানীয় আবহাওয়া সম্পর্কে কোন মতামত থাকে তাহলে দয়া করে স্কুলের সাথে যোগাযোগ করবেন। আপনি হয়তো নিজে আপনার সন্তানকে স্কুল থেকে নিয়ে যেতে চাইবেন এবং সেক্ষেত্রে, স্কুলের সাথে যোগাযোগ করে আপনি অবশ্যই তা করতে পারবেন।

নার্সারী, প্রাইমারী ও স্পেশাল স্কুল

আপনার সন্তান যদি নার্সারী, প্রাইমারী বা স্পেশাল স্কুলে অংশ নেয়, এবং সেটি যদি আগেভাগে বন্ধ করতে হয়, তাহলে স্কুল আপনার সাথে টেলিফোনে যোগাযোগ করবে। আর যদি তা সম্ভব না হয় তাহলে স্কুল আপনার দেয়া 'জরুরী কন্টাক্ট' এর সাথে যোগাযোগ করবে।

কোন শিশুকেই আগে থেকে যোগাযোগ না করে স্কুল থেকে ছাড়া হবে না। যোগাযোগের বিবরণ যেন হালনাগাত হয় এবং যাদের নাম দেয়া হয়েছে, বিশেষ করে খারাপ আবহাওয়ার সময়, যেন তাদেরকে পাওয়া যায় তা নিশ্চিত করতে হবে।

মাধ্যমিক

মাধ্যমিক স্কুলগুলোতে যেহেতু ছাত্র/ছাত্রীর সংখ্যা অনেক বেশী থাকে, সেহেতু জরুরী প্রয়োজনে স্কুল বন্ধ ঘোষনা করতে হলে আগেভাগে সকল বাবামা'কে অবহিত করা সম্ভব হয় না, এবং সেক্ষেত্রে, বাবামা'র সাথে আগেভাগে যোগাযোগ ছাড়াই স্কুল বন্ধ করে দিতে হয়।

স্থানীয় যে কোন ব্যবস্থাগ্রহণ সম্পর্কে নির্দিষ্ট স্কুল বাবামা'কে অবহিত করবে।